বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
৩৭/ই-ইস্কাটন গার্ডেন, ঢাকা।
(www.btcl.com.bd)

নং নিয়োগঃ ১৪.৩৩.০০০০.০২৭.১১.০০২.১৭- ২০

তারিখ ঃ ২৩-০৫-২০১৭ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এ নিম্ন বর্ণিত পদে কিছু সংখ্যক জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশি যোগ্য নাগরিকগণের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| সহকারী ম্যানেজার (টেকনিক্যাল) (পদসংখ্যা ৭০টি) | জাতীয় বেতন স্কেল এর ৯ম গ্রেড বা বিটিসিএল এর সমতুল্য বেতন গ্রেড | ০১.০৬.১৭ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ বছর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। | (ক) সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ইইই/সিএসই/টিই/ইসিই /ইটিই/কম্পিউটার কৌশল বিষয়ে ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪ স্কেল) সহ স্নাতক, (খ) মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ন্যূনতম সিজিপিএ- ৪.৮ (৫ স্কেল), (গ) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ৩.২ (৪ স্কেল)। |
| জুনিয়র সহকারী ম্যানেজার টেকনিক্যাল) (পদসংখ্যা ১০০টি) | জাতীয় বেতন স্কেল এর ১০ম গ্রেড বা বিটিসিএল এর সমতুল্য বেতন গ্রেড | ০১.০৬.১৭ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ বছর, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। | (ক) ইইই/সিএসই/টিই /ইসিই/ইটিই/কম্পিউটার কৌশল বিষয়ে ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪ স্কেল )সহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, (খ) মাধ্যমিক পর্যায়ে ন্যূনতম সিজিপিএ- ৪.২ (৫ স্কেল) । |

১। আবেদনের পদ্ধতি ঃ নিম্নোক্ত তিনটি ধাপ পূরণ করে আবেদন সম্পন্ন করতে হবে।

**ক) প্রথম ধাপ ঃ অন লাইন আবেদন** - বিটিসিএল ওয়েব সাইট (www.btcl.com.bd) এর নির্দিষ্ট লিঙ্কে বা http://btcl.teletalk.com.bd ওয়েব সাইটে অন লাইনে প্রবেশ করে প্রদত্ত নির্দেশনাবলী অনুসরণ করে আবেদন ফরমের তথ্যাদি পূরণ এবং ছবি ও স্বাক্ষর আপলোড করে (সর্বোচ্চ ৩০০X৩০০ পিক্সেল স্ক্যানিং করা ছবি যা ১০০ কেবি এর বেশি নয় এবং সর্বোচ্চ ৩০০X ৮০ পিক্সেল স্ক্যানিং করা স্বাক্ষর যা ৬০ কেবি এর বেশি নয়) আবেদন করতে হবে। অন লাইনে আবেদনের পূর্বে বিজ্ঞপ্তি ও নির্দেশাবলী ভালভাবে পড়তে হবে। অন লাইনে আবেদন সম্পন্ন করে আবেদনের একটি কপি প্রিন্ট নিতে হবে এবং প্রাপ্ত ইউজার আইডি (User_ID) সংরক্ষণ করতে হবে।

**খ) দ্বিতীয় ধাপ ঃ আবেদন নিশ্চিতকরণ ও ফি প্রদান** - আবেদন কপিতে একটি User_ID নম্বর দেয়া থাকবে এবং User_ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile এর মাধ্যমে ০২টি SMS করে আবেদন ফরম পূরণ করার সর্বোচ্চ ৪৮ ঘন্টার মধ্যে আবেদন ফি জমা করতে হবে। সহকারী ম্যানেজার (টেকনিক্যাল) পদের আবেদন ফি অফেরতযোগ্য ১০০০.০০ (এক হাজার) টাকা ও জুনিয়র সহকারী ম্যানেজার (টেকনিক্যাল) পদের আবেদন ফি অফেরতযোগ্য ৮০০.০০ (আটশত) টাকা মাত্র।

**Ist SMS Format :** BTCL<Space>User_ID & send to 16222.

প্রথম এসএমএস পাঠানোর পর একটি স্বাগত বার্তার মাধ্যমে একটি PIN নম্বর পাওয়া যাবে। উক্ত PIN নম্বর ব্যবহার করে দ্বিতীয় এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা প্রদান করতে হবে।

**2nd SMS Format :** BTCL<Space>YES<Space>PIN & send to 16222.

**গ) তৃতীয় ধাপ ঃ হার্ড কপিতে আবেদন প্রেরণ** - বিটিসিএল ওয়েব সাইট থেকে আবেদন ফরম (Application Form) ডাউনলোড করে পূরণ করতে হবে। পূরণকৃত আবেদন ফরম ২ নং আইটেমে বর্ণিত সংযুক্তিসহ ৩ নং আইটেমে বর্ণিত ঠিকানায় পৌঁছাতে হবে।

২। সংযুক্ত সনদ/দলিল/ প্রমাণপত্রের বিবরণ ঃ

হার্ড কপিতে আবেদনের সময় নিম্নোক্ত সনদ/দলিল/প্রমানপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

(১) বিটিসিএল ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত পূরণ করা আবেদনপত্র (২) স্বাক্ষরসহ অন লাইনে রেজিস্ট্রেশনের প্রিন্টেড কপি (৩) সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌর মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত জাতীয়তা ও নাগরিকত্ব সনদ, **মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে উক্ত সনদে মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সম্পর্কের উল্লেখ থাকতে হবে** (৭) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদ ও গেজেটের ফটোকপি (৮) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক উপজাতীয় সনদ, (৯) অন্য কোন কোটার ক্ষেত্রে প্রযোজ্য সনদের কপি।

৩। আবেদনের সময় ঃ

(ক) Online-এ আবেদনের সময় ০১.০৬.২০১৭ খ্রিঃ তারিখ থেকে ১২.০৬.২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত । ১২.০৬.২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার পর Online-এ আবেদন গ্রহণযোগ্য হবে না।

(খ) হার্ড কপিতে আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, ৩৭/ই-ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ বরাবর (টেলিযোগাযোগ ভবনের নিচ তলার ১০৫ নং কক্ষ - গ্রহণ ও বিতরণ শাখা) ২০.০৬.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

৪। অন্যান্য শর্তাবলী ঃ

(১) ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
(২) চাহিত যে কোন তথ্যের ঘাটতি ও যে কোন সনদ/দলিল আবেদন পত্রের সংযুক্তিতে বাদ গেলে আবেদনপত্র ত্রুটিপূর্ণ বলে বিবেচিত হবে।
(৩) শুধু যোগ্য প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য ও লিখিত পরীক্ষায় মান উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
(৪) শিক্ষাগত যোগ্যতার কলামে উল্লিখিত বিষয় ব্যতীত অন্য বিষয়ে পাশকৃত প্রার্থীকে নিয়োগের যোগ্য বলে বিবেচনা করা হবে না।
(৫) খামের উপর স্পষ্টাক্ষরে কোটা, পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
(৬) উপজাতি/মুক্তিযোদ্ধা/মহিলা/অন্যান্য কোটার প্রার্থীদের কোটার জন্য খামের উপর উপজাতি/মুক্তিযোদ্ধা/মহিলা কথাটি লিখতে হবে।
(৭) নিয়োগ পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
(৮) নিয়োগ ও কোটার ক্ষেত্রে কোম্পানী নিয়োগ বিধি-২০১১ অনুসরণ করা হবে।
(৯) নিয়োগের ক্ষেত্রে পদসংখ্যা কম বা বেশি হতে পারে। নিয়োগের বিষয়ে বিটিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
(১০) বিটিসিএল কর্তৃপক্ষ যে কোন/ সকল আবেদনপত্র ও নিয়োগ কার্যক্রম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
(১১) আবেদনে ভুল তথ্য প্রদান করা হলে বিষয়টি জানা মাত্রই নিয়োগ পদ্ধতি চলাকালীন যে কোন পর্যায়ে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
(১২) সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন অগ্রগামী করবেন।
(১৩) Online-এ আবেদন চলাকালিন অফিস সময়ে ৯৩২০০৪৬, ৯৩২০১৭৪ নম্বর টেলিফোনে আবেদন সংক্রান্ত সমস্যাদি জানানো যাবে।
(১৪) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে উক্ত ইউনিয়ন পরিষদ/পৌর মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত জাতীয়তা ও নাগরিকত্ব সনদে মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সম্পর্কের উল্লেখ থাকতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

23.5.17

(কমলেশ বিশ্বাস)
পরিচালক (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোন ঃ ৯৩২০১৭২